গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ৩

প্রস্তাবনা ............ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ............ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ............ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ............ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............ ১৯

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০১৭-১৮ অর্থবছরে ২,০৬,৪০৭.২৫ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থবছরে ২,৬০,২৩২.৫২ কোটি টাকা এবং ২০১৯-২০ অর্থবছরে ২,১৮,৪০৬.০৫ কোটি টাকা রাজস্ব আহরণ করা হয়েছে। রিটার্ন দাখিলের হার ২০১৮-১৯ অর্থবছরে ২৮% এবং ২০১৯-২০ অর্থবছরে ৩০% বৃদ্ধি পেয়েছে। ২০১৯-২০ অর্থবছরে টিএটি এবং সিইভিএটি এর আপীল মামলার ৮৮.৭৬% নিষ্পত্তি হয়েছে। এ বিভাগে আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। দেশে বিদেশে ৫৭ জন কর্মকর্তা/কর্মচারী কে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। মুজিববর্ষে জনসাধারণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য সমৃদ্ধ সঞ্চয় অ্যাপ্ প্লে স্টোর ও অ্যাপল স্টোরে স্থাপন করা হয়েছে। আয়কর মেলা ও অন্যান্য সেবা কেন্দ্রের মাধ্যমে বিগত ০৩ বছরে ৬৪ লক্ষ করদাতাকে করসেবা প্রদান করা হয়েছে। সকল সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী সংস্থাকে একটি ভার্চুয়াল ইলেক্ট্রনিক প্লাটফর্ম এ আনয়নের লক্ষ্যে ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো (এনএসডব্লিউ) বাস্তবায়নের কার্যক্রম হিসেবে ৩৭টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ই-পেমেন্টের মাধ্যমে বিগত ০৩ বছরে সর্বমোট ৫৩৩৭ কোটি টাকা রাজস্ব আহরিত হয়েছে। জাতীয় সঞ্চয় স্কিমসমূহ হতে ২০১৭-১৮ অর্থবছরে ৪৬,৫৩০ কোটি টাকা, ২০১৮-১৯ অর্থবছরে ৪৯,৯৩৯ কোটি টাকা এবং ২০১৯-২০ অর্থবছরে ১২,০০১ কোটি টাকা সঞ্চয় আহরণপূর্বক ঘাটতি বাজেটে অর্থায়ন করা হয়েছে। কাস্টমস আইনের খসড়া চূড়ান্তকরণপূর্বক জাতীয় সংসদ অধিবেশনে বিল আকারে উপস্থাপন করা হয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৯ প্রণয়ন করা হয়েছে। সেবা সহজিকরণের লক্ষ্যে অনলাইনে সি আই পি আবেদনের ব্যবস্থা করা হয়েছে। অনলাইনে সেবাগ্রহীতাদের মতামত পর্যবেক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে। এ বিভাগের আওতাধীন ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের অনলাইন এসিআর সেবা চালু করা হয়েছে। এ বিভাগের কোটাভুক্ত বাসা বরাদ্দ কার্যক্রম সহজিকরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যাঃ কর পরিসর সম্প্রসারণের ক্ষেত্রে জরিপ কার্যক্রমে পদ্ধতিগত সমন্বয়হীনতা ও দীর্ঘসূত্রিতা, আন্তঃ কর ব্যবস্থাপনায় তথ্য বিনিময়ের অপ্রতুলতা, উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, দক্ষ জনবলের স্বল্পতা, ভৌত অবকাঠামোসহ প্রয়োজনীয় সুবিধাদির অভাব।
চ্যালেঞ্জঃ সকল পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, কর ব্যবস্থাপনা অটোমেশন, কোভিড-১৯ মহামারীর বৈশ্বিক প্রেক্ষাপটে কর ব্যবস্থাপনার গতি প্রবাহ অব্যাহত রাখা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মুজিববর্ষে কর সেবা উন্নতকরণে জাতীয় পর্যায়ে সেরা করদাতা নির্বাচন, কর পরিসর সম্প্রসারণের লক্ষ্যে জরিপ কার্যক্রম শক্তিশালীকরণের জন্য সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সেকেন্ডারী তথ্যের সহায়তায় করদাতা চিহ্নিতকরণ ও করের পরিমাণ যাচাই কার্যক্রম প্রণয়নের উদ্যোগ গ্রহণ। পর্যাপ্ত অভ্যন্তরীণ সম্পদ আহরণের লক্ষ্যে কর সেবা উন্নতকরণ, কর ব্যবস্থাপনায় অটোমেশনের আওতা সম্প্রসারণ। বিভাগীয় পর্যায়ে আয়কর, ভ্যাট এবং সঞ্চয় অফিসসমূহে নিজস্ব ভবন নির্মাণ। রাজস্ব ও সঞ্চয় অফিসের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ। মুজিববর্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রশাসনিক ব্যবস্থাপনা অটোমেশন।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২০-২১ অর্থবছরের রাজস্ব আহরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন;
- ১৭/০৩/২০২১ তারিখের মধ্যে জাতীয় পর্যায়ে সেরা করদাতা নির্বাচন ও সম্মাননা প্রদান;
- ১৭/০৩/২০২১ তারিখের মধ্যে সেকেন্ডারী তথ্যের সহায়তায় করদাতা সনাক্তকরণের মাধ্যমে কর পরিসর সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ;
- অনলাইনে ৬.৫০ লক্ষ ই-টিআইএন রেজিস্ট্রেশন;
- অটোমেটেড সিস্টেমে ৫৫০৯ কোটি টাকা রাজস্ব আহরণ;
- অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্টোর ব্যবস্থাপনা অটোমেশন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

অভ্যন্তরীণ সম্পদে উন্নত বাংলাদেশ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে দক্ষ, ন্যায়ানুগ, আধুনিক, জনবান্ধব রাজস্ব ব্যবস্থাপনা প্রতিষ্ঠাকরণের মাধ্যমে পর্যাপ্ত অভ্যন্তরীণ সম্পদ আহরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষ, ন্যায়ানুগ ও আধুনিক রাজস্ব প্রশাসন

২. রাজস্ব আহরণ শক্তিশালীকরণ

৩. আইন প্রণয়ন/যুগোপযোগীকরণ ও দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধি

৪. অভ্যন্তরীণ সঞ্চয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অভ্যন্তরীণ সম্পদ আহরণ

২. বিসিএস (শুল্ক ও আবগারী) এবং বিসিএস (কর) ক্যাডার কর্মকর্তাদের যাবতীয় প্রশাসনিক কার্যাবলী

৩. প্রত্যক্ষ ও পরোক্ষ কর আরোপ, আহরণ এবং এতসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ

৪. আয়কর, ভ্যাট ও আবগারী কর এবং আমদানি ও রপ্তানী শুল্ক আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ

৫. শুল্ক, ভ্যাট, আয়কর, স্ট্যাম্প ও সঞ্চয় সংক্রান্ত আইন, নীতি ও বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ;

৬. ভ্যাট, শুল্ক ও আয়কর সংক্রান্ত মামলাসমূহ নিষ্পত্তির মাধ্যমে বিরোধপূর্ণ রাজস্ব আদায়

৭. বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করা

৮. সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা কার্যকর করা

৯. সকল প্রকার স্ট্যাম্প মুদ্রণ, সরবরাহ এবং লটারী নীতিমালা অনুযায়ী লটারী অনুমোদন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপি'র অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ৮.৫ | ১০.৭০ | ১১.৩০ | ১১.৪০ | ১১.৫০ | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, বাংলাদেশ ব্যাংক | জাতীয় রাজস্ব বোর্ড |
| সঞ্চয় আহরণ বৃদ্ধি | জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়ন | কোটি টাকা | ৪৯,৯৩৯.৪৮ | ১১,৯২৪ | ২০,০০০ | ২১,০০০ | ২২,০০০ | অর্থ বিভাগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, তপসিলি ব্যাংক | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ, ন্যায়ানুগ ও আধুনিক রাজস্ব প্রশাসন | ৩১ | [১.১] মুজিববর্ষে জাতীয় পর্যায়ে সেরা করদাতাকে সম্মাননা প্রদান | [১.১.১] সেরা করদাতা নির্বাচন | তারিখ | তারিখ | ৬ | | | ১৭.০৩.২১ | ২৩.০৩.২১ | ২৫.০৩.২১ | ২৮.০৩.২১ | ৩১.০৩.২১ | | |
| | | [১.২] মুজিববর্ষে কর পরিসর সম্প্রসারণের লক্ষ্যে জরিপ কার্যক্রম শক্তিশালীকরণের জন্য সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর হতে তথ্য সংগ্রহ কার্যক্রম গ্রহণ | [১.২.১] সেকেন্ডারী তথ্য সংগ্রহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গৃহীত | তারিখ | তারিখ | ৩ | | | ১৭.০৩.২১ | ২৩.০৩.২১ | ২৫.০৩.২১ | ২৮.০৩.২১ | ৩১.০৩.২১ | | |
| | | [১.৩] কর সেবা উন্নতকরণ | [১.৩.১] অনলাইনে ই-টিআইএন রেজিস্ট্রেশন | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ৬.১৫ | ৮.৯৫ | ৬.৫০ | ৬.০০ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৭.০০ | ৭.৫০ |
| | | | [১.৩.২] অনলাইনে আয়কর রিটার্ন দাখিল | সমষ্টি | সংখ্যা | ২ | ২২৫০০ | | ৪০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ২৫০০০ | ২০০০০ | ৫০০০০ | ৬০০০০ |
| | | | [১.৩.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে সেবা গ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ৩৮.৬৪ | ৪৩.১১ | ৩৫.৫ | ৩৪.৩ | ৩৩.৪ | ৩২.০ | ২৬.৫ | ৩৯.১০ | ৪৫.২০ |
| | | [১.৪] বিরোধ নিষ্পত্তি | [১.৪.১] আপীল মামলা নিষ্পত্তি | সমষ্টি | সংখ্যা | ২ | ৯৩৮৬ | ৭৬২২ | ৭২৫০ | ৬৫৭০ | ৫৯০০ | ৫২৩০ | ৪৫৬০ | ৭৬০০ | ৭৭৫০ |
| | | | [১.৪.২] বিকল্প বিরোধ নিষ্পত্তি | সমষ্টি | সংখ্যা | ২ | ২৩১ | ১৩৫ | ১৫৬ | ১৪১ | ১২৭ | ১১৩ | ১০০ | ২৫২ | ২৬৫ |
| | | [১.৫] মাঠ অফিস পরিদর্শন | [১.৫.১] পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১৩০ | ১৩২ | ১০০ | ৯০ | ৭৫ | ৬০ | ১৩৫ | ১৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] মাঠ অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | [১.৬.১] মাঠ অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ৫ | | ১০০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৫৫ | ৫০ | ৮০ | ৮০ |
| | | [১.৭] জাতীয় রাজস্ব বোর্ডের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [১.৭.১] রিস্ক ম্যানেজমেন্ট ইউনিটের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গৃহীত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২৩.০৬.২১ | ৩০.০৬.২১ | | | |
| [২] রাজস্ব আহরণ শক্তিশালীকরণ | ২২ | [২.১] রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন | [২.১.১] আহরিত রাজস্ব (কর) | সমষ্টি | % | ১৫ | ৫২ | ৭২.৬৮ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | | ৮৫ | ৮৫ |
| | | | [২.১.২] আহরিত অন্যান্য কর (নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়) | সমষ্টি | % | ১ | ৯৪.১৪ | ৯৫.৫৭ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৭৫ | ৮০ |
| | | [২.২] কর পরিসর সম্প্রসারণের মাধ্যমে রাজস্ব আহরণ | [২.২.১] করদাতা বৃদ্ধিঃ আয়কর | সমষ্টি | সংখ্যা | ২ | ৫০০০০০ | ৫৭৫৫০৩ | ৫০০০০০ | ৪৭৫০০০ | ৪৫০০০০ | ৪২৫০০০ | ৩০০০০০ | ৬০০০০০ | ৭০০০০০ |
| | | | [২.২.২] ই-পেমেন্টে আয়কর আহরণ | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ২ | ৮.৫৭ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১১ |
| | | | [২.২.৩] ই-পেমেন্টে কাস্টমস ডিউটি আহরণ | সমষ্টি | টাকা (কোটি) | ২ | ১৪০ | ৫১২০ | ৫৫০০ | ৫৪০০ | ৫৩০০ | ৫১২০ | ৫০০০ | ৬০০০ | ৬৫০০ |
| [৩] আইন প্রণয়ন/যুগোপযোগীকরণ ও দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধি | ১৪ | [৩.১] কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালা প্রণয়ন | [৩.১.১] কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালার খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ৩ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২৮.০৬.২১ | ৩০.০৬.২১ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] দেশে/বিদেশে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ | [৩.২.১] অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৬ | | ৫৭ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | | ৬৫ | ৭০ |
| | | [৩.৩] মুজিববর্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্টোর ব্যবস্থাপনা অটোমেশন | [৩.৩.১] সফটওয়্যার স্থাপিত | তারিখ | তারিখ | ৫ | | | ০১.০৩.২১ | ০৪.০৩.২১ | ১১.০৩.২১ | ১৭.০৩.২১ | | | |
| [৪] অভ্যন্তরীণ সঞ্চয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ | ৮ | [৪.১] সঞ্চয় সেবা জোরদারকরণ | [৪.১.১] জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়নের লক্ষমাত্রার বিপরীতে অর্থায়ন | সমষ্টি | % | ৫ | | ৭২ | ৮৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮৫ | ৯০ |
| | | | [৪.১.২] সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন ফরম মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ১০ | ৭ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৮ | ৯ |
| | | | [৪.১.৩] উপজেলা পর্যায়ে সঞ্চয় অফিসের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২৩.০৬.২১ | ২৮.০৬.২১ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | ৪৬.৫৮ | ৭১.৪৬ | ৮০ | ৭০ | ৬০ | | | ৮০ | ৮০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | ৮৬.৮৩ | ৭৮.৪ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৬০ | ৬৫ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ২ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ১৫.০৬ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১০০ | ৮১.৮৮ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ৮০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৩৮.৮৮ | ৬৮.২৬ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৬০ | ৬৫ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৭-০৯-2020

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ

১৭.০৯.২০২০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | মূসক | মূল্য সংযোজন কর |
| ২ | এনএসডব্লিউ | ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো |
| ৩ | আইআরডি | ইন্টারনাল রিসোর্সেস ডিভিশন (অভ্যন্তরীণ সম্পদ বিভাগ) |
| ৪ | এ্যাসাইকুডা | অটোমেটেড সিস্টেম ফর কাস্টমস ডেটা |
| ৫ | এনবিআর | ন্যাশনাল বোর্ড অব রেভিনিউ (জাতীয় রাজস্ব বোর্ড) |
| ৬ | টিআইএন | ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (করদাতা সনাক্তকরণ নম্বর) |
| ৭ | এনএসডি | ন্যাশনাল সেভিংস ডিপার্টমেন্ট (জাতীয় সঞ্চয় অধিদপ্তর) |
| ৮ | টিএটি | ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল (কর আপীলাত ট্রাইব্যুনাল) |
| ৯ | সিইভিএটি | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মুজিববর্ষে জাতীয় পর্যায়ে সেরা করদাতাকে সম্মাননা প্রদান | [১.১.১] সেরা করদাতা নির্বাচন | জাতীয় অর্থনীতিতে অবদান, সামাজিক উত্তম চর্চার স্বীকৃতি স্বরূপ মুজিববর্ষে জাতীয় পর্যায়ে সেরা করদাতা নির্বাচন ও সম্মাননা প্রদান | বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড ও প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জাতীয় রাজস্ব বোর্ড ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ড ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মুজিববর্ষে কর পরিসর সম্প্রসারণের লক্ষ্যে জরিপ কার্যক্রম শক্তিশালীকরণের জন্য সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর হতে তথ্য সংগ্রহ কার্যক্রম গ্রহণ | [১.২.১] সেকেন্ডারী তথ্য সংগ্রহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গৃহীত | কর পরিসর সম্প্রসারণ ও কর ব্যবস্থাপনায় স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেকেন্ডারী তথ্যের সহায়তায় করদাতা চিহ্নিতকরণ ও করের পরিমাণ যাচাই এর পদ্ধতি প্রণয়নের উদ্যোগ গ্রহণ | আয়কর অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | সমঝোতা স্মারকের অনুলিপি | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] কর সেবা উন্নতকরণ | [১.৩.১] অনলাইনে ই-টিআইএন রেজিস্ট্রেশন | সহজে ও স্বল্প সময়ে টিআইএন রেজিস্ট্রেশন করার মাধ্যমে সেবা সরলীকরণ | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] অনলাইনে আয়কর রিটার্ন দাখিল | সহজে ও স্বল্প সময়ে রিটার্ন দাখিল করার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সেবার মান উন্নতকরণ | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে সেবা গ্রহণকারীর সংখ্যা | প্রতিশ্রুত সেবা প্রদান কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উপকরণ সম্বলিত সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ ও কর প্রদানে উৎসাহ প্রদান | আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বিরোধ নিষ্পত্তি | [১.৪.১] আপীল মামলা নিষ্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইনানুযায়ী পর্যাপ্ত বেঞ্চ গঠন ও প্রয়োজনীয় জনবল নিয়োগ ও নিয়মিত মনিটরিং | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর প্রতিবেদন | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.২] বিকল্প বিরোধ নিষ্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিষ্পত্তিতে আপীলের পরিবর্তে বিকল্প বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণে করদাতাবৃন্দকে উদ্বুদ্ধকরণ | আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মাঠ অফিস পরিদর্শন | [১.৫.১] পরিদর্শন প্রতিবেদন দাখিলকৃত | লক্ষ্যমাত্রা অর্জনে আইন/বিধি/ বিধান অনুসরণে গৃহীত কার্যক্রমসহ শুদ্ধাচার, সেবা সহজিকরণ, অভিযোগ প্রতিকার, তথ্য প্রদান ইত্যাদি কার্যক্রম বিষয়ে পরিদর্শন | কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিববৃন্দ কর্তৃক মাঠ অফিস পরিদর্শন প্রতিবেদন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] মাঠ অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | [১.৬.১] মাঠ অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়িত | রাজস্ব আহরণ কার্যক্রম শক্তিশালীকরণ সংক্রান্ত কার্যকর সুপারিশ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ | কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখার প্রতিবেদন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] জাতীয় রাজস্ব বোর্ডের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ | [১.৭.১] রিস্ক ম্যানেজমেন্ট ইউনিটের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গৃহীত | পর্যাপ্ত রাজস্ব আহরণসহ সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাংগাঠনিক কাঠামোতে প্রয়োজনীয় জনবল সৃজন | শুল্ক অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও শুল্ক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিপত্র ও অর্থ বিভাগের সম্মতিপত্র | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন | [২.১.১] আহরিত রাজস্ব (কর) | ২০২০-২১ অর্থ বছরের বাজেটে রাজস্ব আহরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও তদনুযায়ী কার্যক্রম গ্রহণ | আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] আহরিত অন্যান্য কর (নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়) | The Stamp Act, 1899 অনুযায়ী রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয় | স্ট্যাম্প অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | জেলা ট্রেজারি হতে প্রাপ্ত স্ট্যাম্প বিক্রয়লব্ধ টাকার পরিমাণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর বার্ষিক প্রতিবেদন |
| [২.২] কর পরিসর সম্প্রসারণের মাধ্যমে রাজস্ব আহরণ | [২.২.১] করদাতা বৃদ্ধিঃ আয়কর | জরিপের মাধ্যমে তথা আন্তঃপ্রতিষ্ঠানসমূহ হতে তথ্য সংগ্রহপূর্বক নতুন করদাতাদের কর পরিসরের আওতায় আনয়ন | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] ই-পেমেন্টে আয়কর আহরণ | করদাতা সহজেই ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কর পরিশোধ করতে পারেন। | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.৩] ই-পেমেন্টে কাস্টমস ডিউটি আহরণ | করদাতা সহজেই ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কাস্টমস ডিউটি পরিশোধ করতে পারেন। | শুল্ক অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিবেদন | জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালা প্রণয়ন | [৩.১.১] কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালার খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালার খসড়া প্রস্তুতকরণ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | শুল্ক অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রস্তাব পত্র | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] দেশে/বিদেশে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ | [৩.২.১] অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রতিশ্রুত সেবা প্রদান কার্যক্রমে দক্ষতা, সৃজনশীলতা, স্বচ্ছতা প্রদর্শনসহ উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন করেছেন প্রণোদনা স্বরূপ তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা | প্রশাসন অধিশাখা ও বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সরকারি আদেশ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] মুজিববর্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্টোর ব্যবস্থাপনা অটোমেশন | [৩.৩.১] সফটওয়্যার স্থাপিত | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্টোর ব্যবস্থাপনা অটোমেশনের লক্ষ্যে সফটওয়্যার প্রস্তুত ও চালুকরণ | প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সফটওয়্যারের লিংক ও কার্যক্রমের স্ক্রিনশট | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] সঞ্চয় সেবা জোরদারকরণ | [৪.১.১] জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ঘাটতি বাজেটে অর্থায়নের লক্ষমাত্রার বিপরীতে অর্থায়ন | জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকণের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আহরণ করে ঘাটতি বাজেটে অর্থায়ন বৃদ্ধি করা | সঞ্চয় অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.১.২] সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন ফরম মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণ | সঞ্চয় সেবার মান উন্নতকরণের লক্ষ্যে আবেদন ফরম মুদ্রন, সংরক্ষন ও বিতরন | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রতিবেদন | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.১.৩] উপজেলা পর্যায়ে সঞ্চয় অফিসের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | উপজেলা সঞ্চয় অফিসের জন্য পদ সৃজনের কার্যক্রম গ্রহণ | সঞ্চয় অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পদ সৃজনের প্রস্তাব পত্র | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় | রিস্ক ম্যানেজমেন্ট ইউনিটের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গৃহীত | নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি | নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | রিস্ক ম্যানেজমেন্ট ইউনিটের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গৃহীত | নতুন পদ সৃজনের জন্য অর্থ বিভাগের সম্মতি | নতুন পদ সৃজনের জন্য অর্থ বিভাগের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় | উপজেলা পর্যায়ে সঞ্চয় অফিসের পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি | নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় | কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালার খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | কাস্টমস এর সমন্বিত নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি | নতুন নিয়োগ বিধিমালা প্রণয়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সেকেন্ডারী তথ্য সংগ্রহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গৃহীত | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের নিকট হতে কর আরোপযোগ্য গাড়ীর মালিকদের তথ্য সংগ্রহ | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত গাড়ীর মালিকদের তথ্য (সেকেন্ডারী তথ্য) দ্বারা নতুন ভাবে করদাতা সনাক্তকরণসহ করের পরিমাণ যাচাই করা সম্ভব হবে | সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না |